১৫০ দরিদ্র পরিবারের পাশে দাড়ালো ‘জাগ্রত সাতক্ষীরা’

করোনা ভাইরাসের কারণে সৃষ্ট দুর্যোগে খেটে খাওয়া অসহায় মানুষের পাশে দাড়িয়েছে সাতক্ষীরার সামাজিক-সাংস্কৃতিক সংগঠন “জাগ্রত সাতক্ষীরা”।

বাংলাদেশ ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় নেতা, সাতক্ষীরা জেলা আওয়ামী লীগ নেতা ও সংগঠনটির প্রধান উপদেষ্টা আ.হ.ম তারেক উদ্দীনের আর্থিক সহযোগিতায় বুধবার বিকালে পলাশপোল হাইস্কুল মাঠে অনুষ্ঠিত কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতি সায়েম ফেরদৌস মিতুল। এমহৎ কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উদ্বোধন করেন সাতক্ষীরা জেলা আওয়ামী লীগের সভাপতি মুনসুর আহমেদ।

বিশেষ অতিথি ছিলেন, সাতক্ষীরা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও জেলা পরিষদ চেয়ারম্যান আলহাজ¦ নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি শেখ নাছেরুল হক। অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন, সদর উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল রশিদ, ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল আনিছ খান চৌধুরী বকুল ও ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শেখ মোশফিকুর রহমান মিল্টন, খন্দকার আরিফ হাসান প্রিন্স, কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক নেতা রাজিব ফরহাদ, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি রেজাউল ইসলাম রেজা।

আরো উপস্থিত ছিলেন, গ্রাম ডাঃ শফিকুল ইসলাম, ফিরোজ আহমেদ, মিজানুর রহমান প্রমুখ। এসময় অতিথিবৃন্দ বলেন, ঘরেই থাকতে হবে। কিছুক্ষন পর পর সাবান দিয়ে হাত পরিস্কার করতে হবে। জীবানু মুক্ত থাকতে হবে। এই সংকটকালীন সময়ে সামর্থ অনুযায়ী ছোট পরিসরে হলেও নি¤œবিত্তদের পাশে এগিয়ে আসতে হবে।

“জাগ্রত সাতক্ষীরা” যে কর্মসূচি হাতে নিয়েছে সেরকমভাবে সকলেই এগিয়ে আসলে নি¤œবিত্ত মানুষগুলো উপকৃত হবে। এছাড়া বিশেষ প্রয়োজন ছাড়া কাউকে বাইরে না আসার অনুরোধ জানান বক্তারা।

মেপ্র/ইএম

কুষ্টিয়ায় অসহায়দের পাশে এসএসসি ব্যাচ ২০১৮

কুষ্টিয়ায় করোনায় সাময়িকভাবে কর্মহীন অসহায় হয়ে পড়া মানুষের পাশে দাঁড়িয়েছে এসএসসি ব্যাচ ২০১৮’র বন্ধু মহল।

গত সোমবার রাত থেকে বুধবার দুপুর পর্যন্ত রিক্সা, অটো, সাইকেল এবং মোটরসাইকেলের মাধ্যমে তারা কুষ্টিয়া শহররের ঈদগাহপাড়া, থানাপাড়া, মোল্লাতেঘরিয়া, মঙ্গলবাড়িয়া, কাস্টমস মোড়, হরিশংকরপুর, আড়ুয়াপাড়া, কয়ার বানিয়াপাড়া সহ আরো বিভিন্ন এলাকার প্রায় শতাধিক পরিবারের কর্মহীন মানুষের বাড়িতে এসব খাদ্য সামগ্রী নিজ উদ্যোগে পৌঁছে দেয় এসএসসি ব্যাচ ২০১৮’র বন্ধুরা।

তাদের এই সহয়তার মধ্যে রয়েছে চাল, ডাল, তেল, আলু, পেঁয়াজ, লবন সাবান সহ নিত্য প্রয়োজীয় পণ্য সামগ্রী।

এসএসসি ব্যাচ ২০১৮’র বন্ধু মহলের মধ্যে তাদের নিজেদের জমানো টাকা উঠিয়ে এই ত্রাণ সয়াহতা প্রদান করে বলে তারা জানিয়েছেন। এছাড়া ও এসএসসি ব্যাচ ২০১৮’র শিক্ষার্থীদের উদ্যোগে এই সহায়তা অব্যাহত থাকবে এবং পরবর্তীতে আরো বেশি মানুষের পাশে দাঁড়াবে বলেও তারা জানিয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন, এসএসসি ব্যাচ ২০১৮’র বন্ধু মহলের সামিউল রহমান, মারূফ আহমেদ, সেজান আহমেদ, রফিকুল রবিন, আরাফাত, সিহাব, গোলাম হাসিব প্রমুখ।

আমঝুপিতে ডিফেন্সের উদ্যোগে

ত্রাণ বিতরণ

আমঝুপী গ্রামের ডিফেন্সের নিজ উদ্যোগে এবং পরিবর্তনের মেহেরপুর গ্রুপের এডমিন সাইদুর রহমান ও মালায়শিয়া প্রবাসী তামিম সহ আরো অনেকের এর সহযোগিতায় আমঝুপী চাদবিল সহ বিভিন্ন গ্রামে অসহায় ব্যক্তিদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে।

পরে ত্রাণ সামগ্রী কয়েকজন সেচ্ছাসেবক এগুলো বাড়ি বাড়ি যেয়ে সকলের বাসাই পৌছায়ে দিয়েছেন।
প্রত্যেককে ৫ কেজি চাউল, ১ কেজি ডাউল, ১ কেজি আটা ও নগত অর্থ দিয়ে সাহায্য করা হয়।

সার্বিক সহযোগিতা করেন ডিফেন্সের চাচা ফারুক হোসেন, প্রজন্ম সংগঠনের প্রতিষ্ঠাতা জহুরুল ইসলাম, ইকবাল, আলহাজ।

মেপ্র/এমএফআর

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ত্রাণ বিতরণ

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৪শ’ পরিবারের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল থেকে জেলা পরিষদ চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুল দুস্থদের হাতে খাবার তুলে দেন।

মেহেরপুর সদরে রাজাপুর, শুভরাজপুর, গাংনীর জোড়পুকুর, চেংগাড়া,মিনা পাড়া, বামন্দী, করমদী গ্রামের অসহায় মানুষদের হাতে চেয়ারম্যান নিজে খাদ্য তুলে দেন।

সেই সাথে নিরাপদ দুরত্বে থেকে সকলকে করোনা মোকাবেলায় সহযোগীতা করার আহবান জানান।

এ সময় গোলাম রসুল বলেন, করোনা মোকাবেলায় আপনারা সবাই ঘরে থাকুন। আমরা আপনাদের বাড়ি খাবার পৌঁছে দেব।

মেপ্র/এমএফআর

যেসব মানুষরা চাইতে পারছেন না কিন্তু কষ্টে আছেন তাদের খুজে বের করে গোপনে খাবার পৌঁছে দেওয়ার অঙ্গিকার করেন চেয়ারম্যান।

দামুড়হুদায় উপজেলা পরিষদের পক্ষ থেকে ত্রাণ সামগ্রী বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা পরিষদের পক্ষ থেকে আজ বুধবার দুপুর ১২ টার দিকে করোনা ভাইরাসে কার্পাসডাঙ্গা বাজারের বিভিন্ন ব্যাবসার সাথে জড়িত কর্মহীন হয়ে পড়া ব্যাক্তিদের মাঝে খাদ্য সামগ্রী তুলে দেন দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

এ সময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, প্যানেল চেয়ারম্যান আব্দুল হাকিম, মন্টু মেম্বর, আসলাম মেম্বর, মুকুল মেম্বর, ইউপি সচিব মহিউদ্দীন, কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি ইমদাদুল হক ইমন, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, ছাত্রলীগ নেতা অপু সরকার,

সাংবাদিক আতিয়ার রহমান, শরীফ রতন, মেহেদী হাসান মিলন সাংবাদিক আশরাফুজ্জামান রনি, সাংবাদিক আজিমউদ্দিন সাংবাদিক আমিনুল ইসলাম সাংবাদিক শাকিল আহাম্মেদ প্রমুখ।

করোনা মোকাবেলায় দামুড়হুদা ছাত্রলীগের কর্মসূচি

চলমান বিশ্বের ভয়াবহ আতঙ্ক করোনা ভাইরাস প্রতিরোধে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল মল্লিক (আরিফ)এর নেতৃত্বে ও পরিচালনায় জীবানুনাশক স্প্রে করা এবং মাস্ক, সাবান বিতরণ করা হয়।

উপজেলা ছাত্রলীগ গতকাল সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সমস্ত এলাকা সরজমিনে পরিদর্শনপূর্বক এলাকার বিভিন্ন পাড়া মহল্লা গুরুত্তপূর্ণ পয়েন্টে দাঁড়িয়ে খণ্ড খণ্ড পথসভা ও উঠান বৈঠক করে করোনা সম্পর্কে আতঙ্কিত না হয়ে সচেতন হতে জনগণকে পরামর্শ দেন।

এ সময় উপজেলা ছাত্রলীগের সভাপতি বলেন, করোনা থেকে সেভ থাকতে পরিষ্কার পরিচ্ছন্নতার কোনো বিকল্প নেই।

এ সময় তিনি আরো বলেন, প্রতি আধাঘণ্টা বা এক ঘণ্টা অন্তর যদি হাত- পা সাবান দিয়ে ধুয়ে ফেলি ও জীনানুনাশক স্প্রে হাতে লাগিয়ে ফেলি তাহলে ৯৯% আমরা ঝুঁকিমুক্ত থাকবো ইনশাআল্লাহ।

এ সময় তিনি জেলার অন্যতম অভিভাবক বার-বার বিপুল ভোটে নির্বাচিত এমপি হাজী আলী আজগার টগরের সালাম ও শুভেচ্ছা ঘরে ঘরে পৌঁছে দেন।

একই সাথে উপজেলা ছাত্রলীগের এ শীর্ষনেতা আরো বলেন, আমাদের অভিভাবক হাজী আলী আজগর টগর এমপি বলেছেন, তাঁর শরীরে একফোঁটা রক্ত থাকা পর্যন্ত এ এলাকার কোনো মানুষ করোনায় মারা যাবেনা।

প্রয়োজনে যত টাকা পয়সায় লাগুক তিনি দেশে ও বিদেশের সর্বোচ্চ চিকিৎসা প্রদান করে তাদেরকে সুস্থ করে ভুক্তভোগী পরিবারে আনন্দময় পরিবেশের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখবেন।

দামুড়হুদায় সাপ্তাহিক হাট বসবে স্টেডিয়াম মাঠে

হাটের দিনে মানা হচ্ছেনা সামজিক দূরত্ব। ফলে সামাজিক দুরত্ব বজায় রাখতে সরকারিভাবে কঠোর নির্দেশনা জারী করা হয়েছে। বিষয়টি বাস্তবায়নের লক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পর্যায়ক্রমে উপজেলার সকল সাপ্তাহিক হাটেরস্থান সাময়িক পরিবর্তণের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আজ বুধবার দামুড়হুদা বাস স্ট্যান্ডস্থ সাপ্তাহিক হাটেরস্থান পরিবর্তণ করা হয়েছে। বসবে উপজেলা স্টেডিয়াম মাঠে। তবে মাছের বাজার যথারীতি দামুড়হুদা বাসস্ট্যান্ডস্থ সাপ্তাহিক হাটচালিকেই বেছে নেয়া হয়েছে। এখানে শুধুমাত্র বসবে মাছের বাজার।
এ ছাড়া কাঁচামাল থেকে শুরু করে বাদবাকী সবকিছুই বেচাকেনা হবে দামুড়হুদা স্টেডিয়াম মাঠে। করোনা ভাইরাসের বিস্তাররোধে সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টি মাথায় রেখে দামুড়হুদা স্টেডিয়াম মাঠে চুন দিয়ে মার্কিং করা হয়েছে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার এস.এম মুনিম লিংকনের নিদের্শনা মোতাবেক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো: মহি উদ্দিনের নেতৃত্বে একদল স্বেচ্ছাসেবক স্টেডিয়াম মাঠে ১৫ ফুট দূরত্ব বজায় রেখে প্রতিটি ব্যবসায়ীর জন্য ১০ ফুট করে স্থান নির্ধারণ করা হয়েছে।
একইভাবে দামুড়হুদা বাসস্ট্যান্ডস্থ হাটচালিতেও হলুদ রঙ দিয়ে মার্কিং করা হয়েছে। যে সমস্ত ব্যবসায়ী চট পেতে ব্যবসা করেন তাদের অবশ্যই হ্যান্ড স্যানিটাইজার অথবা সাবান পানি রাখতে হবে। আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হবে বলেও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকন বলেন, করোনা ভাইরাস ছড়ানোর সহায়ক স্থানগুলোর মধ্যে প্রধানতম হচ্ছে সাপ্তাহিক হাট। সেটিকে মাথায় রেখেই জেলা প্রশাসনের নির্দেশনা মোতাবেক এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ইতোমধ্যেই পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এস.এ.এম জাকারিয়া

আলমের সহোযোগিতায় মদনার সাপ্তাহিক হাটেরস্থান পরিবর্তণ করে মদনা হাইস্কুল মাঠে বসানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে। পর্যায়ক্রমে উপজেলার সকল সাপ্তাহিক হাটেরস্থান পরিবর্তণের করা হবে বলেও জানান তিনি।

সিঙ্গাপুরে নতুন করোনা আক্রান্ত ১০৬ জনের ৪৬ জনই বাংলাদেশি

হু হু করে বাড়ছে করোনার প্রকোপ। প্রতিনিয়তই বাড়ছে আক্রান্ত ও মৃতের সংখ্যা। দুই শতাধিক দেশ ও অঞ্চলে ছড়িয়েছে মারণ এই ভাইরাস। সিঙ্গাপুরে এখন পর্যন্ত ১৪শ ৮১ জন করোনায় আক্রান্ত হয়েছে। দেশটিতে নতুন করে করোনা আক্রান্ত ১০৬ জনের মধ্যে ৪৬ জনই বাংলাদেশি।

কোভিড-১৯ আক্রান্তদের সর্বশেষ যে হিসাব দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় দিয়েছে, তাতে দেখা গেছে– মঙ্গলবার স্থানীয় সময় দুপুর ১২টা পর্যন্ত সংকলিত তথ্য অনুযায়ী সেখানে নতুন আক্রান্তের সংখ্যা
১০৬। এর মধ্যে ৪৬ বাংলাদেশি করোনা পজিটিভ শনাক্ত হয়েছেন।

জানা গেছে, আক্রান্তদের মধ্যে বেশিরভাগ বাংলাদেশিই একসঙ্গে একই আবাসিক ভবনে থাকতেন। সিঙ্গাপুরে অভিবাসী শ্রমিকের সংখ্যা ২০ লাখের বেশি। এদের বেশিরভাগই দক্ষিণ এশিয়ার। এরা বেশিরভাগই কাজ করছেন নির্মাণ শিল্পে।

গাদাগাদি করে ছোট ঘরে থাকেন এবং একই টয়লেট ব্যবহার করেন। কোনো কোনো আবাসিক ভবনে অস্বাস্থ্যকর পরিবেশে একটা ঘরে গাদগাদি করে ঘুমান ১২-১৫ জন করে শ্রমিক। মঙ্গলবার থেকে সিঙ্গাপুরে শুরু হয়েছে এক মাসের লকডাউন ঘোষণা করা হয়েছে। সূত্র : আল-জাজিরা।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

মেহেরপুরে কোনো করোনা রোগী শনাক্ত হয়নি

মেহেরপুরে কোনো করোনা রোগী সনাক্ত হয়নি।

গতকাল মঙ্গলবার পর্যন্ত জেলার তিন উপজেলা থেকে ৬৩ জনের নমুনা সংগ্রহ করে আইইডিসিআরএ পাঠানো হয়েছিল। এর মধ্যে গতকাল ৭ জনের এবং আজ আরো ১৯ জনের ফলাফল পাওয়া গেছে । প্রাপ্ত ২৬ জনের ফলাফলের মধ্যে সবারি নেগেটিভ রিপোর্ট এসেছে।

আজ বুধবার দুপুরে মেহেরপুর এর সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন মেহেরপুর প্রতিদিন কে এই তথ্য নিশ্চিত করেছেন।

২৪ ঘণ্টায় ৫৪ জনের করোনা শনাক্ত, মৃত ৩

দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৫৪ জন করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছে। এই সময়ে মারা গেছে আরও ৩ জন। এ নিয়ে দেশে করোনাভাইরাসে সংক্রমিত ব্যক্তির সংখ্যা দাঁড়াল ২১৮। আর মারা গেল ২০ জন।

আজ বুধবার দুপুরে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক মীরজাদী সেব্রিনা স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত ব্রিফিংয়ে এই তথ্য জানান।

মীরজাদী সেব্রিনা জানান, গত ২৪ ঘণ্টায় ৯৮১টি পরীক্ষা করা হয়। শনাক্ত হওয়া ব্যক্তিদের মধ্যে ৩৯ জনই ঢাকা শহরের। একজন ঢাকার একটি উপজেলার। বাকিগুলো দেশের বিভিন্ন স্থানের। ৫৪ জনের মধ্যে পুরুষ ৩৩, নারী ২১।

আজ এই ব্রিফিংয়ে ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) সানিয়া তাহমিনা। তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৯৮৮টি নমুনা সংগ্রহ করা হয়। পরীক্ষা হয় ৯৮১টির। কেন পরীক্ষা হয়নি সাতজনের, এর কারণ পরে জানানো হবে।

সানিয়া তাহমিনা বলেন, নমুনাগুলোর মধ্যে ঢাকা থেকে সংগ্রহ করা হয় ৫৬৩টি। বাকিগুলো ঢাকার বাইরে থেকে এসেছে।

দেশে করোনাভাইরাসে সংক্রমিত (কোভিড-১৯) প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়। এক মাসের মধ্যে রোগীর সংখ্যা ১০০ ছাড়িয়ে গেছে।

সুত্র-প্রথম আলো